

এইচএসসির স্থগিত পরীক্ষা নিয়ে যা জানা গেল

অনলাইন ডেস্ক

২৮ জুলাই ২০২৪, ০৮:০৪ পি.এম



ফাইল ছবি

এইচএসসির ৮টি বিষয়ে স্থগিত পরীক্ষার রুটিন করা হচ্ছে। সেই সঙ্গে প্রাথমিক বিদ্যালয় খোলার বিষয়ে আলোচনা হবে আগামীকাল সোমবার।

শিক্ষা বোর্ড বলছে, স্থগিত হওয়া এইচএসসি পরীক্ষা ১১ আগস্টের পর অনুষ্ঠিত হবে। পরীক্ষার রুটিন করা হচ্ছে।

গত ৩০ জুন থেকে এইচএসসি পরীক্ষা শুরু হলেও বন্যার কারণে সিলেট অঞ্চলে ৪ বিষয়ের পরীক্ষা হয়নি।

কোটা সংস্কার নিয়ে শিক্ষার্থীদের আন্দোলনের কারণে ৮টি বিষয়ের পরীক্ষা স্থগিত হয়েছে। এসব পরীক্ষা কবে হবে সেটি নিয়ে অনিশ্চয়তায় শিক্ষার্থী ও অভিভাবকরা।

এ বিষয়ে আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক অধ্যাপক তপন কুমার সরকার বলেন, ‘দুয়েক দিনের মধ্যে শিডিউল জানিয়ে দেওয়া হবে। একাদশ শ্রেণির ভর্তি কার্যক্রম চলছিল, সেটি আবার শুরু করা হয়েছে। আগামী ১ আগস্ট পর্যন্ত চলবে।’

এদিকে, প্রথমে প্রাথমিক বিদ্যালয় খোলার পরিকল্পনা রয়েছে। এরপর ধাপে ধাপে মাধ্যমিক বিদ্যালয়, উচ্চ মাধ্যমিক পর্যায় আর সবশেষে বিশ্ববিদ্যালয় খোলার পরিকল্পনা শিক্ষা মন্ত্রণালয়ের।